[Sanatan Dharma]




**শিবস্নান মন্ত্র**

ইদং স্নানীয়ং জলং ওঁ নমঃ শিবায় নমঃ।
ওঁ নমঃ শিবায় নমঃ।।

ওঁ সর্বায় ক্ষিতি মূর্তয়ে নমঃ ।।
ওঁ ভবায় জল মূর্তয়ে নমঃ ।।
ওঁ রুদ্রায় অগ্নি মূর্তয়ে নমঃ ।।
ওঁ উগ্রায় বায়ু মূর্তয়ে নমঃ ।।
ওঁ ভীমায় আকাশ মূর্তয়ে নমঃ ।।
ওঁ পশুপতয়ে যজমান মূর্তয়ে নমঃ ।।
ওঁ মহাদেবায় সোম মূর্তয়ে নমঃ ।।
ওঁ ইশানায় সূর্য মূর্তয়ে নমঃ ।।

ওঁ নমঃ শিবায়   ওঁ নমঃ শিবায়   ওঁ নমঃ শিবায় ।।

দুধ, দই, ঘি, মধু ঢালার সময় আলাদা আলাদা শিবমন্ত্র
দুধ, দই, ঘি, মধু, গঙ্গাজল ও ডাবের জল দিয়ে শিবের পুজো করতে হয় ।
তবে এর সঙ্গে অবশ্য থাকে ধুতরো ও আকন্দ ফুল এবং পাঁচটি ফল ।

দুধ মন্ত্র- ওঁ হৌ ঈশানায় নমঃ ।
দধি মন্ত্র- ওঁ জৌং অঘোরায় নমঃ ।
ঘৃত মন্ত্র- ও হৌং বামদেবায় নমঃ ।
মধু মন্ত্র- ওঁ হ্রাং সদ্যজাতায় নমঃ ।

Published on: Feb, 18 2023 09:20

ডাবের জল মন্ত্র- ওঁ নমঃ শিবায় নমঃ ।

## কোন সমস্যায় কী ভাবে স্নান করাবেন শিবলিঙ্গ?

**শিবলিঙ্গের স্নান করানোর আলাদা আলাদা পদ্ধতি আছে। সেই সব পদ্ধতি মেনে স্নান করালে মহাদেব অত্যন্ত তুষ্ট হন। জীবনের বিভিন্ন সমস্যায় বিভিন্ন ভাবে শিবলিঙ্গকে স্নান করাতে পারেন। কী ভাবে স্নান করাবেন শিবলিঙ্গকে, শিবরাত্রির আগে জেনে নিন।** মহাদেবের আরাধনার জন্য এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দিন। শিবলিঙ্গের ওপর জল বা দুধ ঢেলে মহাদেবের আরাধনা করে থাকি আমরা। তবে জীবনের বিভিন্ন সমস্যার জন্য আলাদা আলাদা পদ্ধতিতে শিবলিঙ্গকে স্নান করানোর পরামর্শ দিয়েছেন জ্যোতিষবিদরা। এর ফলে জীবনের নানা সমস্যার সমাধান সম্ভব। জেনে নিন কোন সমস্যায় কী ভাবে শিবলিঙ্গকে স্নান করাবেন।

1. আপনার জীবনে যদি শত্রু থাকে এবং তারা যদি আপনার ক্ষতি করার চেষ্টা করে, তাহলে শত্রুনাশ এর জন্য সরষের তেলে ও কালো তিল দিয়ে পারদের শিবলিঙ্গ ভালো করে মার্জনা করুন। অথবা গঙ্গা মাটি দিয়ে যে কোনও শিবলিঙ্গ পরপর ৫৭ দিন মার্জনা করে তারপর স্নান করান।

2. সুখ ও শান্তির জন্য শিবরাত্রিতে মাসকলাই ডাল একমুঠো শিবের মাথায় দিন। তার ওপর বেলপাতা দিয়ে গঙ্গা জল ঢালুন। শিবরাত্রি থেকে শুরু করে টানা ১৬ দিন এটি করে যেতে হবে।

3. আর্থিক স্থিতি মজবুত করার জন্য শিবরাত্রিতে সুজির পায়েস ভোগ দিন। এরপর ওই দিন থেকে টানা ১১টি সোমবার সুজির পায়েস ভোগ দিয়ে শিবপুজো করুন। উপকার পাবেন।

4. নিজের বা কোনও নিকটজনের বিয়েতে বাধা থাকলে ১০৮টি বেল পাতার উপর চন্দন মাখন মিছরি লাগিয়ে পারদ শিবলিঙ্গ বা যে কোনও নিত্য পুজো শিব লিঙ্গের মাথায় দিন এবং ধীরে ধীরে গঙ্গা জল ঢালুন। শিবরাত্রি থেকে শুরু করে টানা ৪৩ দিন এটি করে যেতে হবে। বিয়েতে বাধা থাকলে এর ফলে দূর হতে পারে।

5. শাস্ত্র মতে শিবলিঙ্গের দুগ্ধ স্নান অত্যন্ত গুরুত্বপূর্ণ। কাঁচা দুধ দিয়ে শিবলিঙ্গকে স্নান করানো হলে জীবনের দুঃখ-কষ্ট অনেক কমে যায়।

6. শিবলিঙ্গের শর্করা স্নান জীবনে সুখশান্তির জন্য প্রয়োজনীয়। পরিবারের সব ব্যক্তি বিলে গঙ্গা জলে মধু ও চিনি মিশিয়ে শিবলিঙ্গকে স্নান করান। এর ফলে পরিবারের সকল সদস্যের মধ্যে মধুর সম্পর্ক স্থাপন হবে। এছাড়া আখের রস দিয়েও শিবলিঙ্গকে স্নান করালে স্বামী-স্ত্রীর মধ্যে এবং প্রেমিক-প্রেমিকার মধ্যে মধুর সম্পর্ক দীর্ঘস্থায়ী হয়।

7. শাস্ত্র মতে শিবলিঙ্গের পঞ্চামৃত স্নান অত্যন্ত গুরুত্বপূর্ণ। দুধ, দই, মধু, গঙ্গাজল একসঙ্গে মিশিয়ে স্নান করালেও সৌভাগ্য বৃদ্ধি হয়।

8. যে কোনও সুগন্ধি দ্বারা শিবলিঙ্গকে স্নান করালে তা অত্যন্ত শুভ। যেমন কেওড়া

জল, আতর, গোলাপ জল শিবের খুবই প্রিয় সুগন্ধি। এগুলি দিয়ে শিবলিঙ্গকে স্নান করাতে পারেন।

9. এছাড়া ধারাস্নানও মহাদেবের অত্যন্ত প্রিয়। এতে জমি, গাড়ি, বাড়ি কেনা-বেচায় লাভ হয়। প্রত্যেকবার মহাদেবের স্নান করার পর বেলপাতা দিতে ভুলবেন না।

পুজোর সময় সোমবারের ব্রতকথা পাঠের মতো করে 'ওঁং নমঃ শিবায় **মন্ত্র**' পাঠ করতে হবে।

Published on: Feb, 18 2023 09:20